

প্রগতিশীল প্রযুক্তি
অন্তর্ভুক্তিমূলক উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প(২য় পর্যায়)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি টাওয়ার, আগারগাও, ঢাকা- ১২০৭
www.sheikhrusseldigitallab.gov.bd



স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.২৫.০০১.২৩.৩০০

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৯

১১ মার্চ ২০২৩

বিষয়: শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষকগণের প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে মোট ৯০০১টি “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপন করা হয়েছে। ল্যাবসমূহ পরিচালনা, ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” প্রাপ্ত প্রত্যেক প্রতিষ্ঠান হতে ৪ জন করে মোট ৩৬০২০ জন শিক্ষককে ১০ দিন ব্যাপী “আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলশ্যুটিং ও মেইনটেন্যান্স” বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হবে।

০২। ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠান প্রধানগণের কাছ থেকে ০১ জন অপেক্ষমানসহ মোট ০৫ জন শিক্ষকের তথ্য সংযুক্ত ছক মোতাবেক সংগ্রহপূর্বক তালিকা অনলাইন সিস্টেমে আপলোড করতে হবে। এ বিষয়ে কারিগরি সহায়তার জন্য জনাব রিয়াসাত রায়হান নূর, সহকারী প্রোগ্রামার (ইমেইল-srdl.ict@gmail.com) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

০৩। প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে ল্যাব প্রাপ্ত সকল প্রতিষ্ঠান প্রধানগণ প্রশিক্ষণার্থী শিক্ষকদের তথ্য আইসিটি অধিদপ্তরের জেলা/উপজেলা কর্মকর্তাকে যথাসময়ে প্রদান করবেন।

০৪। এমতাবস্থায়, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনকৃত প্রতিটি প্রতিষ্ঠান থেকে সংযুক্ত ছকে ০৫ জন শিক্ষকের তথ্য সংগ্রহ করে ০১ জন শিক্ষককে অপেক্ষমান রেখে ০৪(চার) জন শিক্ষকের তথ্য আগামী ১৫/০৩/২০২৩ তারিখের মধ্যে www.srdl.gov.bd লিংকে আপলোড করার জন্য অনুরোধ করা হল।

সংযুক্তিঃ

০১। শিক্ষক তথ্য ছক।

০২। ব্যবহারকারীর তালিকা।

বিতরণ :

- ১) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার(সকল), জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ২) সহকারী প্রোগ্রামার (সকল) উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

১১-৩-২০২৩

এস এ এম রফিকুনবী
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-৫৫০০৬৮২৬

ফ্যাক্স: ০২-৫৫০০৬৮২৬

ইমেইল: pdsrdl@doict.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

স্মারক নং- ৫৬.০৪.৮২৭৬.০০১.৯৯.০০১.২২-০৩

তারিখঃ ১২/০৩/২০২৩ খ্রি.

উপরোক্ত পত্রের মর্মানুযায়ী শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রত্যেক প্রতিষ্ঠান হতে ০৫ জন শিক্ষকের তালিকা (০৪ জন শিক্ষক মূল প্রশিক্ষণার্থী ও ০১ জন শিক্ষককে অপেক্ষমান রেখে) সংযুক্ত ছক মোতাবেক তথ্য আগামী ১৩/০৩/২০২৩ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর মেইলে প্রেরণের জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের অনুরোধ করা হলো।

(মোঃ আব্দুল করিম)

সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

ইমেইলঃ abdulkarim13@gmail.com

প্রাপকঃ

শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সদয় অবগতি ও কার্যার্থেঃ

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।